গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
প্রশাসন শাখা
সেতু ভবন, বনানী, ঢাকা
www.bba.gov.bd

স্মারক নং ৫০.০১.০০০০.১০৮.০০৮.০৮.০০১.১২(ভ-২)-

তারিখ: আষাঢ় ১৪২৬ / জুন ২০১৯

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের উন্নয়ন প্রকল্পের আওতাধীন সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (সরকারি বিধি মোতাবেক) জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী সাকুল্য বেতনে নিম্নবর্ণিত শর্তে জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও সাকুল্য বেতন (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১. | কানুনগো<br>গ্রেড-১০, বেতন: ২৭,১০০/- টাকা | ০১ | অনুর্ধ্ব-৩০ | ডিপ্লোমা ইন সার্ভে । |

আবেদনের শর্ত ও নিয়মাবলী :

০১. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ওয়েবসাইটে www.bba.gov.bd তে প্রবেশ করে eRecruitment এর মাধ্যমে আগামী ১৯.০৭.২০১৯ ইং তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে আবেদন করতে হবে।

০২. আবেদনপত্রে প্রার্থীর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবি ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৫০ kb এর মধ্যে হতে হবে।

০৩. নির্ভুলভাবে আবেদনপত্র Submit করার পর প্রার্থী ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Auto Generated Registration Card পাবেন। সফলভাবে আবেদন করার পর আবেদনকারীর মোবাইলে এসএমএস ও ইমেইলে (যদি দেয়া হয়ে থাকে) একটি User ID ও Password প্রেরণ করার হবে। উক্ত রেজিস্ট্রেশন কার্ডে ফি পরিশোধের নির্দেশনা দেয়া থাকবে। রেজিস্ট্রেশন কার্ডটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে;

০৪. প্রার্থীকে সফলভাবে আবেদনপত্র Submit করার ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে বিকাশের (bKash) মাধ্যমে পরীক্ষার ফি বাবদ (অফেরতযোগ্য) ১০০ টাকা ও অনলাইন ফি বাবদ ১০ টাকাসহ সর্বমোট ১১০.০০ (একশত দশ টাকা) পরিশোধ করতে হবে। ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে ফি পরিশোধে ব্যর্থ হলে (ক্রমিক নং ৫ এর নির্দেশনা অনুযায়ী) আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

০৫. **User ID** এবং **Password** দিয়ে প্রার্থী নিজস্ব তথ্য উক্ত ওয়েবসাইট লিঙ্ক থেকে পনুরুদ্ধার করতে পারবেন।
বিকাশের মাধ্যমে টাকা জমাদানের প্রক্রিয়া:
**(বি: দ্র: বিকাশের মাধ্যমে টাকা জমাদানের ১ম ধাপ থেকে ১১তম ধাপ পর্যন্ত সফলভাবে সম্পন্ন করার পর সাথে সাথে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন)**
১ম ধাপ: ডায়াল *২৪৭#;
২য় ধাপ: অপশন বেছে নিন: Payment;
৩য় ধাপ: বিকাশ মার্চেন্ট একাউন্ট লিখুন: ০১৭০০৭১৬৪৯৯;
৪র্থ ধাপ: টাকার পরিমাণ ১১০.০০ (একশত দশ টাকা) উল্লিখিত পদের জন্য;
৫ম ধাপ: রেফারেন্স নম্বর User ID (SMS এ প্রাপ্ত User ID টি প্রদান করুন);
(বি: দ্র: ভুল User ID প্রদান করা হলে ফি পরিশোধ হয়েছে বলে বিবেচিত হবে না)
৬ষ্ঠ ধাপ: কাউন্টার নম্বর সকল পদের জন্য ০ (শূন্য) প্রযোজ্য;
৭ম ধাপ: লেনদেন নিশ্চিত করতে PIN নম্বর প্রবেশ করুন: XXXX (ফি পরিশোধ সফল হলে বিকাশ থেকে একটি SMS পাওয়া যাবে। SMS-এ উল্লিখিত টি **Transaction ID (TrxID)** সংরক্ষণ করুন;
৮ম ধাপ: আবেদনের ওয়েবসাইটের লগইন অপশন Applicant Login বাটনে ক্লিক করে User ID ও Password প্রদান করে Applicant Dashboard-এ প্রবেশ করুন;
৯ম ধাপ: Payment Information/Download Admit Card মেনুতে ক্লিক করুন;
১০তম ধাপ: Click to Complete লিঙ্ক-এ ক্লিক করুন;
১১তম ধাপ: বিকাশ এর মাধ্যমে ফি পরিশোধ করার পর প্রাপ্ত Transaction ID (TrxID) প্রবেশ করিয়ে Submit বাটন ক্লিক করুন;

০৬. প্রবেশপত্রপ্রাপ্তির নিয়ম: প্রবেশপত্র প্রাপ্তির জন্য www.bba.gov.bd ওয়েব সাইটে প্রবেশের পর e-Recruitment মেন্যুতে ক্লিক করতে হবে। অতঃপর Applicant Login বাটনে ক্লিক করে User ID ও Password প্রদান করে Applicant Dashboard-এ প্রবেশ করতে হবে। ইতোপূর্বে ফি পরিশোধ করা থাকলে মেন্যু থেকে প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট করার পর সংরক্ষণ করতে হবে;

০৭. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের Website এবং প্রার্থীর মোবাইল (Mobile) ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) পরীক্ষার তারিখ, স্থান ও সময় জানিয়ে দেয়া হবে।

০৮. বর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাসিক সাকুল্য বেতনে উন্নয়ন প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিয়োগ করা হবে।

চলমান পাতা-০২

০৯. ১৯ জুলাই ২০১৯ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

১০. অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তাঁর দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তাঁর বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা নিম্নবর্ণিত কাগজপত্রাদির অনুলিপি ন্যূনতম প্রথম শ্রেণির গেজেটেড (৯ম গ্রেডের) সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে নির্ধারিত মৌখিক পরীক্ষা তারিখে উপপরিচালক (প্রশাসন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, নিউ এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা-১২১২ ঠিকানায় জমা দিতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট ভাইভা বোর্ডে প্রদর্শনের জন্য মূল কাগজপত্র সঙ্গে আনতে হবে।

(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর কপি;
(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
(গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;
(ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র;
(ঙ) ডাউনলোডকৃত Applicant Copy এর সত্যায়িত কপি; ও
(চ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি।

১২. উপরোক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের অনুমতি দেয়া হবে।

১৩. নির্বাচনী/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪. নির্বাচিত প্রার্থীদের বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা উন্নয়ন প্রকল্পে নিয়োগ সংক্রান্ত সরকারি বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

১৫. উন্নয়ন প্রকল্প সমাপ্তির সঙ্গে সঙ্গে চাকুরীর অবসান হবে। সে অনুযায়ী সংশ্লিষ্ট নিয়োগপত্রই চাকুরী অবসানের নোটিশ হিসেবে গণ্য হবে।

১৬. যে কোন পদ সংখ্যা কম/বেশী করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৭. বিজ্ঞপ্তিটি বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের Web Site: www.bba.gov.bd এ পাওয়া যাবে।

২৯/৬/১৯
(আরিফুজ্জামান)
উপপরিচালক (প্রশাসন)